



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১

(রিজুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)

বিজ্ঞপ্তি নং- ১০/২০২৪

তারিখ : ১৭ মার্চ, ১৪৩০
৩১ জানুয়ারি, ২০২৪

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ এর বিভিন্ন পদে চলমান নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্রের Content ও Content অনুযায়ী নম্বর বিভাজন প্রসঙ্গে।

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিমিটেড (SPCBL) এ ১৬ তম গ্রেডভুক্ত ‘গাড়ী চালক(পুরুষ)’ ও ‘ফর্ক লিফট অপারেটর(পুরুষ)’ এবং ২০ তম গ্রেডভুক্ত ‘পাঁচক(পুরুষ)’, ‘খাদেম(পুরুষ)’ ও ‘নিরাপত্তা প্রহরী(পুরুষ)’ পদে চলমান নিয়োগসমূহের (বিজ্ঞপ্তি নং-০২/২০২৩, তারিখ-১১/০১/২০২৩) নিয়োগ পরীক্ষা পদ্ধতি এবং পরীক্ষার বিষয়ভিত্তিক নম্বর বন্টন প্রার্থীদের জ্ঞাতার্থে নিম্নে প্রকাশ করা হলো:

২। উল্লিখিত সকল পদে নিয়োগের লক্ষ্যে প্রবেশপত্র ডাউনলোডকারী প্রার্থীদের ০১ ঘন্টা ব্যাপী ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষার প্রশ্নপত্রের Content ও Content অনুযায়ী নম্বর বিভাজন হবে নিম্নরূপ:

ক্রমিক নং	পদের নাম	MCQ পদ্ধতি(৫০ নম্বর)				লিখিত(৫০ নম্বর)		মোট নম্বর(১০০ নম্বর) (MCQ +লিখিত)
		বাংলা	ইংরেজী	গণিত	সাধারণ জ্ঞান	পদসংশ্লিষ্ট বিষয়		
১.	গাড়ী চালক(পুরুষ)	১০	১০	১০	২০	৫০		১০০
২.	ফর্ক লিফট অপারেটর(পুরুষ)	১০	১০	১০	২০	৫০		১০০

ক্রমিক নং	পদের নাম	MCQ পদ্ধতি(৪০ নম্বর)			লিখিত(৬০ নম্বর)		মোট নম্বর(১০০ নম্বর) (MCQ +লিখিত)
		বাংলা	ইংরেজী	সাধারণ জ্ঞান	পদসংশ্লিষ্ট বিষয়		
৩.	পাঁচক(পুরুষ)	১০	১০	২০	৬০		১০০
৪.	খাদেম(পুরুষ)	১০	১০	২০	৬০		১০০

ক্রমিক নং	পদের নাম	MCQ পদ্ধতি(৫০ নম্বর)				লিখিত(৫০ নম্বর)			মোট নম্বর(১০০ নম্বর) (MCQ +লিখিত)
		বাংলা	ইংরেজী	গণিত	সাধারণ জ্ঞান	বাংলা	ইংরেজী	গণিত	
৫.	নিরাপত্তা প্রহরী(পুরুষ)	১০	১০	১০	২০	২০	২০	১০	১০০

৩। উল্লেখ্য, ১৬ তম গ্রেডভুক্ত ‘গাড়ী চালক(পুরুষ)’, ও ‘ফর্ক লিফট অপারেটর(পুরুষ)’ পদসমূহে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ৫০ নম্বরের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং ২০ তম গ্রেডভুক্ত ‘পাঁচক(পুরুষ)’ পদে নিয়োগের লক্ষ্যে প্রবেশপত্র ডাউনলোডকারী প্রার্থীদের লিখিত পরীক্ষার পাশাপাশি ৫০ নম্বরের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এছাড়া, বর্ণিত সকল পদে অনুষ্ঠেয় লিখিত পরীক্ষায় MCQ পদ্ধতির প্রতিটি প্রশ্নের মান হবে ১ নম্বর এবং MCQ পদ্ধতির প্রশ্নের ভুল উত্তরের জন্য কোনো নম্বর কর্তন করা হবে না।

স্বাক্ষরিত/-

(হুসনে আরা শিখা)

পরিচালক (এইচআরডি-১)

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।